গাজীপুরে শ্রমিক বিক্ষোভ, পুলিশের টিয়ারশেল নিক্ষেপ



ছবি: সংগৃহীত

গাজীপুরের কোনাবাড়ীতে দুটি কারখানার শ্রমিকদের বিক্ষোভ ঘিরে উত্তেজনা ছড়িয়েছে। অবরোধের কারণে কোনাবাড়ী-কাশিমপুর সড়কে যান চলাচল ব্যাহত হয়। পরিস্থিতি নিয়ন্ত্রণে পুলিশ টিয়ারশেল ও সাউন্ড গ্রেনেড নিক্ষেপ করে। এদিকে শিল্পাঞ্চলের ১৭টি কারখানা অনির্দিষ্টকালের জন্য বন্ধ রয়েছে।

সোমবার (১৬ নভেম্বর) সকাল ৮টার দিকে এবিএম ফ্যাশন ও যমুনা কারখানার শ্রমিকেরা কাজে যোগ না দিয়ে বাইরে অবস্থান নেন। পরে দুই কারখানার শ্রমিকেরা একত্র হয়ে বিক্ষোভ শুরু করেন এবং একপর্যায়ে সড়ক অবরোধ করেন।

খবর পেয়ে পুলিশ ও বিজিবি সদস্যরা ঘটনাস্থলে গিয়ে তাঁদের অবরোধ তুলে নেওয়ার আহ্বান জানান। তবে এ সময় শ্রমিকেরা উত্তেজিত হয়ে উঠলে পুলিশ টিয়ারশেল ও সাউন্ড গ্রেনেড নিক্ষেপ করে। পরে শ্রমিকেরা সড়ক ছেড়ে চলে গেলে পরিস্থিতি শান্ত হয়।

গাজীপুর শিল্পাঞ্চল-২-এর পুলিশ সুপার মোহাম্মদ আমজাদ হোসাইন বলেন, দুটি কারখানার শ্রমিকেরা কারখানার সামনে জড়ো হয়ে বিক্ষোভ করছিলেন। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে টিয়ারশেল ও সাউন্ড গ্রেনেড ছুড়ে তাঁদের ছত্রভঙ্গ করা হয়। শিল্পাঞ্চলে নিরাপত্তায় পুলিশ ও বিজিবি সদস্যরা দায়িত্ব পালন করছেন।